

কপিরাইট রেজিস্ট্রেশনের পদ্ধতিঃ

কপিরাইট অফিস কপিরাইট রেজিস্ট্রেশনের ক্ষেত্রে অনলাইন এবং ম্যানুয়্যাল দু'ধরনের রেজিস্ট্রেশন সেবা প্রদান করে থাকে ।

i. ম্যানুয়্যাল পদ্ধতি ও সংযুক্তিসমূহ

১. সংশ্লিষ্ট ০২ (দুই) কপি কর্মসহ নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদনপত্র ০২ (দুই) কপি (ফরম-২);
২. পাসপোর্ট সাইজের এক কপি সত্যায়িত ছবি;
৩. বাংলাদেশের নাগরিকত্ব প্রমাণের জন্য আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/জন্ম নিবন্ধনের প্রত্যায়িত ফটোকপি;
৪. সফটওয়্যার কর্মের ক্ষেত্রে ব্যবহার উপযোগিতা/শিল্পকর্মের ক্ষেত্রে কর্মটি শৈল্পিক ব্যাখ্যা/সংগীত কর্মের ক্ষেত্রে গীতিকার, সুরকার ও কণ্ঠশিল্পীর নাম উল্লেখসহ গানের তালিকা/সাহিত্য কর্মের ক্ষেত্রে কর্মটি প্রকাশিত হলে প্রচ্ছদ কর্মের হস্তান্তর দলিল (রচয়িতা ব্যতীত ভিন্ন কেউ প্রচ্ছদকর্মের রচয়িতা হলে);
৫. বাংলাদেশ/সোনালী ব্যাংক লি.-এর যে কোন শাখায় ১-৩৪৩৭-০০০০-১৮৪১ কোড নম্বরে ১০০০/- (এক হাজার) টাকা ট্রেজারি চালান করে এর মূল কপি এবং একটি ফটোকপি; এছাড়া শিওর ক্যাশের মাধ্যমে অনলাইনেও কপিরাইট ফি জমা দেয়া যায়;
৬. কর্মটি মৌলিক, আদালতে কোন মামলা বিচারাধীন নেই এবং প্রদত্ত তথ্য নির্ভুল, ঘোষণা সংবলিত অঙ্গীকারনামা (কার্টিজ পেপার-এ লিখিত বা টাইপকৃত);
৭. কর্মের সঙ্গে স্বার্থ-সংশ্লিষ্ট ব্যক্তিদের অনাপত্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
৮. হস্তান্তরসূত্রে কপিরাইট-এর মালিক হলে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প নোটারি পাবলিক দ্বারা কপিরাইট হস্তান্তর দলিল ।

প্রতিষ্ঠানের নামে কপিরাইট রেজিস্ট্রেশনের জন্য উল্লিখিত কাগজপত্রের সঙ্গে অতিরিক্ত যে সকল কাগজপত্র দাখিল করতে হবেঃ

- ক) কোম্পানির মেমোরেন্ডাম (শেয়ার হোল্ডারদের মালিকানা স্বত্বের সংশ্লিষ্ট পৃষ্ঠা), ট্রেড লাইসেন্স, টিআইএন সার্টিফিকেট-এর প্রত্যায়িত ফটোকপি ।
- খ) নিয়োগকর্তা হিসেবে প্রতিষ্ঠান স্বত্বাধিকারী হলে সৃজনকারীকে প্রতিষ্ঠান প্রদত্ত নিয়োগপত্রের প্রত্যায়িত ফটোকপি ।

ii. অনলাইন পদ্ধতি ও সংযুক্তিসমূহ

- ১। বাংলাদেশ কপিরাইট অফিসের <http://www.copyrightoffice.gov.bd> ওয়েবসাইটে প্রবেশ করার পর “অনলাইন আবেদন” শীর্ষক অপশনে ক্লিক করে আবেদন সম্পন্ন করা যাবে। অনলাইন আবেদনের ক্ষেত্রে ম্যানুয়্যাল পদ্ধতিতে উল্লেখিত সংযুক্তিসমূহের সফটকপি দাখিল করতে হবে ।

যোগাযোগের ঠিকানা :

কপিরাইট অফিস
জাতীয় গ্রন্থাগার ভবন (৩য় তলা)
৩২, বিচারপতি এসএম মোর্শেদ সরগি
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

প্রয়োজনীয় তথ্যের জন্য যোগাযোগ :

ই-মেইলঃ info@copyrightoffice.gov.bd
ওয়েবসাইটঃ www.copyrightoffice.gov.bd
Facebook ID: Bangladesh Copyright Office
ফোন : +৮৮-০২-৯১১৯৬৩২, ফ্যাক্স : +৮৮-০২-৮১৪৪৮৯৫
Helpline : +৮৮-০১৫১১-৪৪০০৪৪

“কপিরাইট নিবন্ধন মেধাসম্পদ সংরক্ষণ”